ভোরের কাগজ

15

তারিখ OCT. 01 1999
পৃষ্ঠা ১২ কলাম ২

ছাত্র বাস ফের চালুর দাবি

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালন

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিবহন বাস ফের চালুর দাবিতে কয়েকটি ছাত্র সংগঠনের ডাকা ধর্মঘট গতকাল বৃহস্পতিবার কোনো অপ্রীতিকর ঘটনা ছাড়াই পালিত হয়েছে। ধর্মঘট চলাকালে কোনো ক্লাস বা একাডেমিক কার্যক্রম চলেনি। তবে প্রশাসনিক কাজ চলেছে। ধর্মঘটের কারণে ইংরেজি ও দর্শন বিভাগসহ বিভিন্ন বিভাগীয় পরীক্ষা স্থগিত হয়ে যায়। শাটল ট্রেন ও শিক্ষকদের বহনকারী বাস যথারীতি চলাচল করেছে। ট্রেনে ও ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের উপস্থিতির হার ছিল কম।

গণতান্ত্রিক ছাত্রঐক্য ও ছাত্রদল ধর্মঘট ডাকলেও গতকাল ক্যাম্পাসে মূলত ছাত্রঐক্যের তৎপরতাই ছিল চোখে পড়ার মতো। ছাত্রঐক্য কর্মীরা ক্যাম্পাসের ভিতরে সকাল থেকে দুপুর পর্যন্ত খণ্ড খণ্ড মিছিল করে। পরে প্রশাসনিক চত্বরে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ থেকে অবিলম্বে বাস চালুর দাবিতে আগামীকাল শনিবার ভিসি অফিস ঘেরাও এবং সোমবার অভিভাবক ও নাগরিক সমাবেশের কর্মসূচি ঘোষণা করা হয়।

ছাত্রদলও ক্যাম্পাসে মিছিল করেছে, তবে তাতে কর্মীদের উপস্থিতি ছিল নগণ্য। তবে সবচেয়ে লক্ষণীয় বিষয় ছিল, ছাত্রলীগের এক গ্রুপ ধর্মঘট আহ্বান এবং অপর গ্রুপ কর্মসূচির বিরুদ্ধে অবস্থান নিলেও গতকাল ধর্মঘট চলাকালে তাদের কোনো গ্রুপেরই তৎপরতা ছিল না।

ইসলামী ছাত্রশিবির গতকাল প্রায় ৩ ঘন্টা ভিসি অফিস ঘেরাও করে ছিল বলে সংগঠনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।